দৈনিক খবর

৯৮

তারিখ ... 04 APR 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

৩১

# ঢাকা ভার্সিটিঃ সন্ত্রাসের মূল উৎস প্রকৌশল বিভাগ!

॥ মাহফুজুর রহমান ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাস ও সংঘর্ষের মূল উৎস ও কারণ হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগকে চিহ্নিত করা হয়েছে এবং সন্ত্রাস বন্ধের লক্ষ্যে ঐ বিভাগকে ক্যাম্পাস থেকে সরিয়ে নেয়া অথবা কর্তৃত্ব হ্রাসকরণের সুপারিশ এসেছে।

সূত্র জানায়, ক্যাম্পাসে সন্ত্রাস ও সংঘর্ষের মূল উৎস হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগকে চিহ্নিত করেছে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সম্পর্কিত উচ্চ পর্যায়ের কমিটি ও সরকারের গোয়েন্দা বিভাগ। তাদের মতামত হলো, ক্যাম্পাসে সংঘটিত

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

হত্যা, সন্ত্রাস, সংঘর্ষের সিংহভাগের সূত্রপাত হয় বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের, টেন্ডারসহ বিভিন্ন কার্যক্রমকে কেন্দ্র করে। সন্ত্রাস বন্ধের লক্ষ্যে ঐ বিভাগের কর্তৃত্ব কমানো এবং ক্যাম্পাস থেকে এ বিভাগকে সরিয়ে নেয়ার জন্য পৃথক পৃথক সুপারিশ এসেছে।

জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাস ও সংঘর্ষ বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ সম্পর্কে সুপারিশ পেশের জন্য সরকার গঠিত উচ্চ পর্যায়ের কমিটির পর্যালোচনায় বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগের কার্যক্রমের বিভিন্ন দিক খুটিয়ে দেখা হয়েছে। কমিটির মতে, অধিকাংশ ক্ষেত্রে ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসের সূত্রপাত হয় প্রকৌশল বিভাগের টেন্ডারকে কেন্দ্র করে। এক পক্ষ অপরপক্ষকে টেন্ডার ফেলতে না দেয়া, টেন্ডার পাবার জন্য সশস্ত্র ব্যক্তিদের ভাড়াকরা প্রভৃতি বিষয়কে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষ পরবর্তীতে রাজনৈতিক রূপ নেয়। এ অবস্থার অবসানের লক্ষ্যে প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম পিডব্লিউডি'র তত্ত্বাবধানে ছেড়ে দেয়ার জন্য কমিটি সুপারিশ করেছে। তারা বিভাগটি বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে রেখে এর কার্যক্রম বিশেষতঃ 'টেন্ডার'কে পিডব্লিউডি'র হাতে ছেড়ে দেয়ার কথা বলেছে।

অপর একটি সূত্র জানায়, ঐ কমিটির রিপোর্ট চূড়ান্ত করার আগে সরকারের উচ্চ পর্যায় থেকে ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধের লক্ষ্যে কি পদক্ষেপ গ্রহণ করা যায়–এ সম্পর্কে পুলিশের গোয়েন্দা শাখার সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছে মতামত চাওয়া হয়।

গোয়েন্দা শাখার মতামতে অন্যান্য বিষয়ের সাথে প্রকৌশল বিভাগের বিষয়টিও গুরুত্বের সাথে উল্লেখ করা হয়েছে। তারা বলেছে, ক্যাম্পাসে শতকরা ৮০ ভাগ সন্ত্রাস হয় এ বিভাগের টেন্ডারকে কেন্দ্র করে। প্রকৌশল বিভাগকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অন্যত্র কোথাও সরিয়ে নেয়ার জন্য গোয়েন্দা শাখা মত দিয়েছে বলে জানা গেছে।